কানাইঘাটের বন্যা পরিস্থিতির উন্নতি : বাড়ছে ব্যাপক জলাবদ্ধতা

কানাইঘাট প্রতিনিধি : সিলেটের কানাইঘাট উপজেলার সার্বিক বন্যা পরিস্থিতির বেশ কিছু উন্নতি হলেও প্রত্যন্ত জনপদ হাওর এলাকায় বন্যার পানি ধীর গতিতে কমছে। উপজেলার সদর ও পৌর এলাকায় পানি কমার সাথে সাথে ব্যাপক জলাবদ্ধতা দেখা দিয়েছে। সুরমা নদীর পানি এখনো বিপদ সীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। হাজার হাজার মানুষ এখনো পানি বন্দী অবস্থায় রয়েছেন। গ্রামীন এলাকার অধিকাংশ সড়ক বন্যার পানিতে তলিয়ে যাওয়ায় যোগাযোগ ব্যবস্থা এখনো বিচ্ছিন্ন রয়েছে। কানাইঘাট -চতুল ও সুরইঘাট সড়ক থেকে বন্যার পানি নেমে গেলেও পানি শ্রুতে সড়কের বিভিন্ন অংশে বড় বড় ভাঙ্গন দেখা দিয়েছে। সুরইঘাট সড়কের আগফৌদ নামক স্থানে পানির শ্রুতে সড়কের বড় ভাঙ্গন দেখা দেওয়ায় সেখানে সুরই নদীর পানি প্রবল শ্রুতে বের হওয়ায় এ সড়ক দিয়ে যোগাযোগ ব্যবস্থা বন্ধ রয়েছে। বন্যার্তদের পাশে সরকারি ত্রান সামগ্রী বিতরনের পাশাপাশি আওয়ামীলীগের বেশ কিছু নেতাকর্মী , উপজেলা বিএনপি , জামায়াত , জমিয়ত, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মাওলানা আব্দুল্লাহ শাকির সহ প্রবাসী সংগঠন , চেরেটিবুল সংগঠন এবং সামাজিক সংগঠনের পাশাপাশি ব্যক্তি উদ্যোগে ত্রান সামগ্রী বিতরন অব্যাহত রয়েছে। বানবাসী মানুষের জন্য সরকারি ত্রান সামগ্রী অপ্রতুল্য দাবী করে আরো বেশী করে ত্রান সামগ্রী বিতরনের দাবী জানিয়েছেন বিভিন্ন মহল।